

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৪৩/২০১৯

তারিখঃ ১৯/০৮/২০১৯খ্রিঃ।

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

নং-চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭/৭৮৪১, তারিখ : ০৭/০৮/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭/৭৮৪১,

তারিখ : ০৭/০৮/২০১৯খ্রিঃ

বরাবর

প্রেসিডেন্ট

চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,

চেম্বার হাউস, আখ্ৰাবাদ বা/এ,

চট্টগ্রাম।

বিষয়ঃ- পবিত্র ঈদ-উল-আযহা পূর্ববর্তী ও পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এফসিএল কন্টেইনার আসছে সে অনুযায়ী এফসিএল কন্টেইনার ডেলিভারী হচ্ছেনা। ঈদ-উল-আযহা পূর্ব ও পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনার ডেলিভারীর সংখ্যা স্বাভাবিক সময়ের তুলনায় হ্রাস পেয়েছে। ০৪/০৮/২০১৯ ইং তারিখে চট্টগ্রাম বন্দরে ৩৪,৮৬৮ টিইইউএস এফসিএল কন্টেইনার ধারণ ক্ষমতার স্থলে ৩০,৫০০ টিইইউএস কন্টেইনার স্থিত রয়েছে। এফসিএল কন্টেইনার দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে খালাস করা না হলে ক্যাপাসিটির অতিরিক্ত এফসিএল কন্টেইনার থাকার ফলে বন্দরে কন্টেইনার জটের সৃষ্টি হতে পারে। ঈদ-উল-আযহার পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দরের কন্টেইনার ও জাহাজ হ্যান্ডলিং কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে চট্টগ্রাম বন্দরে স্থিত এসব এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেওয়া প্রয়োজন। বন্দরের কার্যক্রমে গতিশীলতা আনয়নে কন্টেইনার হ্যান্ডলিং ও কার্গো হ্যান্ডলিং দ্রুত করার ব্যাপারে চট্টগ্রাম চেম্বার, বিজিএমইএ, বিকেএমইএ, সি এন্ডএফ এজেন্ট এসোসিয়েশন সহ সকল বন্দর ব্যবহারকারীগণ সব সময় চট্টগ্রাম বন্দরকে সহযোগিতা করে আসছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে। সে অনুযায়ী সরকারী ছুটির দিনসহ বন্ধের দিনগুলোতেও স্বাভাবিক দিনগুলোর ন্যায় চট্টগ্রাম বন্দর থেকে এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো ডেলিভারী নেওয়া দরকার। এছাড়াও বিভিন্ন মাধ্যম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী চট্টগ্রাম বন্দরে আসার অপেক্ষায় বিপুল সংখ্যক খাদ্যপণ্যবাহী কন্টেইনার অন্যান্য বিদেশী বন্দরে অপেক্ষামান রয়েছে। এ সকল ভোগ্যপণ্য দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে খালাস করা না হলে বাজারে উক্ত পণ্যসমূহের সরবরাহে ঘাটতি দেখা দিতে পারে। সরবরাহের ঘাটতির কারণে বাজারে দ্রব্য মূল্য বৃদ্ধি পেলে জনসাধারণের উপর নেতিবাচক প্রভাব পড়ে। পবিত্র ঈদ-উল-আযহার পূর্ববর্তী ও পরবর্তী সময়ে খাদ্য দ্রব্যের বাজার স্থিতিশীল এবং চট্টগ্রাম বন্দরের কন্টেইনার ও জাহাজ হ্যান্ডলিং কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে চট্টগ্রাম বন্দরে স্থিত এইসব এফসিএল কন্টেইনার ডেলিভারী নেওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল-আযহা পূর্ববর্তী ও পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠু ও গতিশীল রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়ার পাশাপাশি আমদানীকারকগণের সাথে যোগাযোগ পূর্বক সরকারী ছুটির দিনসহ বন্ধের দিনগুলোতেও এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো স্বাভাবিক রাখার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ